# কম্প্যাকের বিস্ময়কর উত্থান এবং বাংলাদেশে বিলম্বিত পদার্পন

আজম মাহমুদ

কম্প্যাক কমপিউটারের প্রধান পদে একহার্ড ফেইফারের কেবল একটি বছর পূর্ণ হয়েছে। এর মধ্যেই তিনি কম্প্যাকের চেহারা পাল্টে ফেলেছেন। একদিন মূল্যহ্রাস লড়াইয়ের শিকার হয়ে যে কম্প্যাক পিছিয়ে পড়েছিল সেই কম্প্যাকই এখন মূল্য হ্রাস লড়াইয়ের প্রধান আক্রমনকারীর ভূমিকায়। গত জুনে স্বল্প মূল্যের যে প্রোলিনেয়া পিসি কম্প্যাক বাজারে ছেড়েছে তার চাহিদা অবিশ্বাস্য। তাদের হাতে প্রোলিনেয়ার যে অর্ডার জমা হয়েছে তা সরবরাহ করতে তিন মাস লাগবে।

কম্প্যাকের পুরানো ডেস্কপ্রো সারির নতুন মডেলসমূহ হ্রাসকৃত মূল্যের কারণে রেকর্ড পরিমাণে বিক্রী হচ্ছে। অক্টোবরে এনইসি-র চেয়ে ৫০% কম মূল্যে তারা প্রোলিনেয়া ছাড়া হয় জাপানে। পিসি নেটওয়ার্কে ব্যবহৃত সার্ভারের মূল্য কমিয়ে মূল্য লড়াইয়ের এলাকাকে সম্প্রসারিত করেছে কম্প্যাক অতি সম্প্রতি।

এক সময়ের টেক্সাস ইন্স্ট্রুমেন্টের বিপনন নির্বাহী ৫১ বছর বয়স্ক জার্মান বংশোদ্ভূত ফেইফার বলেন — 'আমি জানি যে আমরা যেখানে অবস্থান করেছি অন্যরা এখন সেখানে পৌঁছাতে চায়।'

কম্প্যাক আশা করছে যে তারা এ বছর চার বিলিয়ন মার্কিন ডলার রাজস্ব আয় করবে। যেটি তাদের জন্য একটি রেকর্ড এবং ফেইফারের একটি বিরাট সাফল্য। ডেল কমপিউটার ও এএসটি রিসার্চের স্বল্প মূল্যের পিসির সাফল্য থেকেই প্রথমে অনুপ্রাণিত হন তিনি, খরচের সাশ্রয় করে কম্প্যাকের মূল্য হ্রাস করতে। টেক্সাস ইনস্ট্রুমেন্টের একজন ইঞ্জিনিয়ার রড ক্যানিয়ান ১৯৮২ সালে কম্প্যাক প্রতিষ্ঠা করেন।

অতি প্রকৌশলবাদী ও স্বর্ণ-মণ্ডিত প্রযুক্তির কায়েমী ভাবধারাকে সংস্কার করে কম্প্যাক এখন সস্তা পিসি দিয়ে বাজার জয়ে অনুপ্রাণিত করছে সবাইকে। এই জুনে তারা ৪১টি নতুন পণ্যের ঘোষণা দেয় এবং বিশ্বব্যাপী তাদের বিপনন চ্যানেলে পরিবেশকের সংখ্যা ৩৩০০ থেকে ৮৩০০ তে উন্নীত করে।

কম্প্যাকের ২৩ অক্টোবরের মূল্যহ্রাস ঘোষণার পরই আবিএম দ্রুত তাদের নতুন ভ্যালুপয়েন্ট পিসির মূল্য বিন্যাস করে। এতে আইবিএম নিজেদের তৈরী ক্ষিপ্রতর চিপ ব্যবহার করে প্রযুক্তিগতভাবে নতুন চ্যালেঞ্জের মুখে ফেলেছে কম্প্যাককে। প্রোলিনেয়ায় ব্যবহার করা হয়েছে ইন্টেলের চিপ। এছাড়া রয়েছে ডেল এবং গেটওয়ে কোম্পানীর তীব্র প্রতিযোগিতার চাপ।

পিসি পরিখায় চলমান এই হাতাহাতি লড়াইয়ের মধ্যেই ফেইফারের দৃষ্টি রয়েছে ভবিষ্যৎ কৌশলের ওপর। এ বছরের গোড়ায় 'নতুন কম্প্যাকের' আগমন বার্তা যখন তিনি দেন তখন তার কোম্পানী পুনঃবিন্যাস কর্মসূচীকে বিশ্লেষকরা প্রশংসা করলেও মূল্যের দিক থেকে ডেলকে পরাজিত করার সম্ভাবনার কেউ আমল দেয়নি। কিন্তু ডেলের সবচেয়ে সস্তা পিসির চেয়েও কম মূল্যে ৮৯৯ ডলারে যখন এন্ট্রি-লেভেল মেশিন প্রোলিনেয়া ছাড়ার ঘোষণা দেয় কম্প্যাক তখন সবাই বিস্মিত হয়।

টেক্সাসের হুষ্টন নগরীর উত্তরে একটা বিস্তৃত অফিস পার্কে ২২টি সুউচ্চ কাঁচ ও ষ্টিল আবৃত ভবনে কম্প্যাকের সদর দপ্তর অবস্থিত। নগণ্য যে কয়েকটি পিসি নির্মাতার নিজস্ব বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা রয়েছে কম্প্যাক তাদের একটি। শুরুতে কম্প্যাক তার পিসির উপরের আচ্ছাদন বা কাঠামো বা কেসিংটি এমনভাবে ডিজাইন করেছিল যেন পাহাড় থেকে নিক্ষেপ করলেও এটি না ভাঙে। এগুলি করে, এবং ইঞ্জিনিয়ারিং প্রতিভাদের একত্রিত করে কম্প্যাক তার উৎপাদন খরচকে অস্বাভাবিক বাড়িয়ে দেয়। প্রথমেই সাফল্যের কারণে কম্প্যাক বেতনের অঙ্ক বাড়িয়ে ও অসংখ্য পদ সৃষ্টি করে সর্বনাশ করে তার জনশক্তির। কিন্তু তার কোম্পানী কৃষ্টিতে কোন গতিশীলতা যোগ করতে না পারায়, দ্রুত বাজার পরিবর্তনের সাথে নিজেদের খাপ খাওয়াতে ব্যর্থ হয়ে ১৯৯১ সালে এসে কম্প্যাকের ব্যবসা সংকুচিত হয়ে পড়ে। ১৯৯১ সালের ২৪ অক্টোবর ১৪ ঘন্টা স্থায়ী ম্যারথন বোর্ড মিটিং-এর পর কম্প্যাকের সহ-প্রতিষ্ঠাতা রড ক্যানিয়ন অপসারিত হন। চেয়ারম্যান বেঞ্জেমিন রোজেন স্বল্প মূলের পিসি তৈরীর লক্ষ্যে কৌশল চূড়ান্ত করে ফেইফারকে সর্বোচ্চ নির্বাহী করেন কম্প্যাকের। দায়িত্ব গ্রহণের দশ দিন পর ফেইফার তার নির্বাহীদের জানিয়ে দেন মৌলিক পরিকল্পনা — কোম্পানীর খরচ ৩৫% থেকে ২০% হ্রাস করে পিসি বাজারের প্রতিটি স্তরে প্রতিযোগিতায় অবতীর্ণ হওয়া। সহ-প্রতিষ্ঠাতা জিম হ্যারিসসহ মোট ছয় জন নির্বাহী সাথে সাথে কোম্পানী ত্যাগ করেন নতুন নেতৃত্ব মানতে না পেরে। যে সব ম্যানেজাররা থাকলেন তাদের কয়েক মাস ধরে সপ্তাহে দু'দিন করে ফেইফার বোঝালেন তার অভিষ্ট লক্ষ্যের মর্মবাণীকে।



*ফেইফার : পিসির মূল্য হ্রাস যুদ্ধে প্রধান আক্রমনকারী*

ডেল ও ব্র্যাণ্ডহীন ক্লোনকে পিছে ফেলার জন্য ডিজাইনার ও ম্যানুফ্যাকচারিং ম্যানেজাররা নতুন অবয়বে মোহনীয় করে তুললো প্রোলিনেয়া ও কনটুরাকে নিষ্ঠার সাথে। কম্প্যাকের ঐতিহ্যবাহী স্বর্ণ মণ্ডিত প্রযুক্তি দ্বারা প্রোলিনেয়াকে ভারাক্রান্ত না করে এটির নির্মাণ প্রযুক্তিকে প্রকৌশলীরা সহজ করলেন মূল্য কম রাখার লক্ষ্যে। একটি কাষ্টম সার্কিটকে ডিজাইন করা হয় যেন কম সংখ্যক চিপ লাগে প্রতিটি প্রোলিনেয়াতে। চিপ সংখ্যা কম হওয়ার বাড়তি সুবিধাটি হচ্ছে ত্রুটিযুক্ত সংযোগের আশংকা কমা। এতে লাভবান হলো ক্রেতারা। মাত্র এক হাজার ডলারে একটা পিসি বিক্রী করা সত্ত্বেও এটির উচ্চমানের ইন্টিগ্রেশনের নির্ভরযোগ্য সিষ্টেমের কারণে কম্প্যাক থেকে গেল কম্প্যাকের সেই পুরানো সুনামের সুদৃঢ় নিরাপদ বেষ্টনিতেই।

প্রোলিনেয়া ও কনটুরার আকাশ ছোঁয়া চাহিদা মেটাতে হিমশিম খাচ্ছে এখন কম্প্যাক। হুষ্টন এবং সিঙ্গাপুরে তৃতীয় উৎপাদন লাইন যোগ করা সত্ত্বেও সরবরাহ লক্ষ্য ধরতে পারছেনা কম্প্যাক। তারা এখন প্রতি মাসে দুই লক্ষ করে প্রোলিনেয়া তৈরি করেছে।

হুষ্টন, সিঙ্গাপুর ও স্কটল্যাণ্ডের কারখানায় উৎপাদন ব্যয় কম রাখার জন্য তারা উৎপাদন পদ্ধতি নতুন করে বিন্যাস করেছে। এখন এক ভবনে মাদারবোর্ড এবং অন্য ভবনে কাঠামো বানানোর পরিবর্তে একটি সংযোজন লাইনে পুরো সিষ্টেম তৈরি করছে কম্প্যাক। প্রতিটি অর্ধ সংযোজিত পিসি পরীক্ষার বদলে চূড়ান্ত ভাবে সমাপ্ত মেশিন এখন পূর্ণাঙ্গভাবে পরীক্ষিত হচ্ছে বাজারে যাওয়ার আগে। কম্প্যাক তার দীর্ঘ দিনের পুরানো ডিস্ক-ড্রাইভ ও অন্যান্য যন্ত্রাংশের সরবরাহকারীদেরও পরিবর্তন করে কম মূল্যে যারা সরবরাহ করতে পারে তাদের বাছাই করছে।

ফেইফার ভেবেছিলেন যে তার বড় কর্পোরেট ক্রেতা — যারা ৩০০০ বা ৫০০০ ডলার দিয়ে এক সময় ডেস্কপ্রো পিসি কিনেছে তারা এখন বোধ হয় কিনে ফেলবে সস্তা প্রোলিনেয়ার ১০০০ ডলারে। কিন্তু প্রোলেনিয়া গ্রাস করেনি সতীর্থ ডেস্কপ্রোকে। নাটকীয়ভাবে কম্প্যাকের বর্তমান প্রতিটি পণ্যের বিক্রী বেড়েছে। অবশ্য ডেস্কপ্রোর দাম অনেক কমানোতেই ডেস্কপ্রো পিসির বিক্রী বেড়েছে। কম্প্যাক যে সব ক্রেতাদের পিছে ফেলে এসেছিল, প্রোলিনেয়া তাদের সমবেত করলো আবার কম্প্যাকে।

নেটওয়ার্কিং-এর বিরাট বাজারের কথা বিবেচনা করে ফেইফার চান বড় প্রতিষ্ঠানগুলির জন্য উচ্চ ক্ষমতা সম্পন্ন পিসি এবং সার্ভারের উৎপাদন বাড়াতে। ১৯৮৯ সালে এই বাজারের লক্ষ্যে সিষ্টেমপ্রো ছেড়ে অত্যধিক চড়া মূল্য ও সফটওয়্যার জটিলতার জন্য ব্যর্থ হয় কম্প্যাক। এবারের নতুন ১১টি মডেলের ProSignia সার্ভার সেই পরিস্থিতি পাল্টাতে চায়। এর সবচেয়ে নীচের মডেলটিতে ব্যবহার করা হয়েছে একটি একক ইন্টেল i486 প্রসেসর এবং এটির মূল্য ২৭০০ মার্কিন ডলার। পিসি বাজারের মত সার্ভার বাজারেও এটি দিয়ে ঝড় তুলতে বদ্ধপরিকর নতুন কম্প্যাক নেতৃত্ব।

সার্ভারকে বাহন করে নেটওয়ার্কের জন্য তার সাথে সংযুক্ত পিসি এবং আনুষাঙ্গিক মেশিন বিক্রী করতে চায় কম্প্যাক তার বাজার কৌশলের অংশ হিসেবে। এই লক্ষ্যে তার সম্প্রতি নেটওয়ার্কের জন্য বিশেষভাবে তৈরী লেসার প্রিন্টার ছেড়েছে তিন বছর ধরে চেষ্টার পর। এটি লেসার প্রিন্টার বাজারের প্রধান হিউলেট-প্যাকার্ডের অনুরূপ মডেলের চেয়ে দ্বিগুণ ক্ষিপ্র এবং দাম ১০০০ ডলারের কম।

ইন্টেল চিপের পরিবর্তে ক্ষিপ্র RISC (Reduced Instruction Set Computing) চিপ ব্যবহারের যে সিদ্ধান্ত তদানীন্তন কম্প্যাক প্রধান ক্যানিয়ন ১৯৯০ সালে নিয়েছিলেন এ বছরের এপ্রিলে ফেইফার তা পরিবর্তন

